গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৬.০০০.১৩.০২৬.২৩- ৪৩১(১০০)

তারিখঃ ১৯ বৈশাখ ১৪৩০
০২ মে ২০২৩

**১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারা সংক্রান্ত পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি ঃ**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ভূরুঙ্গামারী উপজেলাধীন নিম্নোক্ত ছক "ক" এ বর্ণিত হাট বাজার সমূহ ১৪৩০ বাংলা সনের ০১(এক) বৎসর মেয়াদে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ইজারা/বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ইচ্ছুক ইজারাদার/ঠিকাদার/ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছক "খ" এ বর্ণিত তারিখ অনুযায়ী নির্ধারিত দরপত্র সিডিউল বিক্রয়, গ্রহণ ও খোলা হবে। দরপত্র সংক্রান্ত তথ্যাদি অফিস চলাকালিন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। ইজারা বিজ্ঞপ্তি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম-এর www.bhurungamari.kurigram.gov.bd তে পাওয়া যাবে।

"ছক-ক"
হাট-বাজারের তালিকা

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩০ বাংলা সনের জন্য সরকারি মূল্য (টাকায়) | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১. | দেবীর হাট | শিলখুড়ী | ১১২৭/- | ৫০০/- |
| ২. | ব্রীজের পাড় হাট | পাইকেরছড়া | ২৪৪৮৬০/- | ১,২০০/- |
| ৩. | ভূরুঙ্গামারী হাট-বাজার | ভূরুঙ্গামারী | ২৮৯২২৫৭৮/- | ৫৮৬০০/- |
| ৪. | বলদিয়া হাট | বলদিয়া | ৩৩১৪৩/- | ৫০০/- |
| ৫. | নতুনহাট হাট | চর-ভূরুঙ্গামারী | ১২৩০৬৬/- | ১,০০০/- |
| ৬. | চৌধুরী বাজার হাট | বঙ্গসোনাহাট | ৭৯৭২/- | ৫০০/- |

নিম্নেবর্ণিত ভাবে দরপত্র ক্রয় এবং দাখিল সংক্রান্ত সময় সূচি মোতাবেক বিজ্ঞপ্তি, সিডিউল ইত্যাদি প্রতিটি সেট হাটের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী এর কার্যালয়, ভূরুঙ্গামারী থানা এবং সোনালী ব্যাংক লিঃ, ভূরুঙ্গামারী শাখা হতে অফিস চলাকালিন সময় পাওয়া যাবে। দরপত্রসমূহ জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ১নং ক্রমিকে দরপত্র গৃহীত না হলে ২নং ক্রমিকে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে, ২নং ক্রমিকে দরপত্র গৃহীত না হলে ৩নং ক্রমিকে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে। কোন ক্রমিকের সিডিউল অন্য ক্রমিকে ব্যবহার করা যাবে না।

"ছক-খ"
**দরপত্র ক্রয় এবং দাখিল সংক্রান্ত সময় সূচিঃ**

| ক্রমিক নং | দরপত্র বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১। | ১৪/০৫/২০২৩ অফিস চলাকালিন সময় পর্যন্ত | ১৫/০৫/২০২৩ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৫/০৫/২০২৩ বেলা-৩.০০ ঘটিকা |
| ২। | ২১/০৫/২০২৩ অফিস চলাকালিন সময় পর্যন্ত | ২২/০৫/২০২৩ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ২২/০৫/২০২৩ বেলা-৩.০০ ঘটিকা |
| ৩। | ২৯/০৫/২০২৩ অফিস চলাকালিন সময় পর্যন্ত | ৩০/০৫/২০২৩ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ৩০/০৫/২০২৩ বেলা-৩.০০ ঘটিকা |

শর্তাবলী ঃ-

১) বাংলা ১৪৩০ সনের ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২) দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী-এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপ্ত অন্তে অবশিষ্ট টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩) যার দরপত্র গৃহীত হবে, তাকে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনঃরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩(তিন) বছরের গড় ইজারা মূল্য (সরকারী মূল্য) হতে কম হয় তাহা হলে সরকারি হাট-বাজার সম্পর্কিত নীতিমালা অনুযায়ী পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণে করা হবে।

৫) এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬) খামের উপর দরপত্র দাতার নাম , ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭) সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮) প্রত্যেক হাট বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯) ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০) ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিন শত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১) দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২) ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৪) কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫) হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৬) চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৭) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(দীপক কুমার দেব শর্মা)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
মোবাইল নম্বর-০১৭৯৯৯৪১৫৫৫
ই-মেইলঃ unobhurungamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৬.০০০.১৩.০২৬.২৩- ৪৩১(১০০)

তারিখঃ ১৯ বৈশাখ ১৪৩০
০২ মে ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১. সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩. মহাপরিচালক, সিপিটিইউ, আইএমই ডিভিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭। (সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর।
৫. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৬. পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৭. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯. উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী/ফুলবাড়ী/কুড়িগ্রাম সদর/রাজারহাট/উলিপুর/চিলমারী/রৌমারী/চর রাজিবপুর, কুড়িগ্রাম।
১০. সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১. উপজেলা ---------------------------------------- অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১২. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা, কুড়িগ্রাম।
১৩. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, ভূরুঙ্গামারী শাখা, কুড়িগ্রাম।
১৪. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১৫. চেয়ারম্যান --------------------------- (সকল) ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। তার ইউনিয়নাধীন হাট-বাজার সমূহে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৬. সম্পাদক (বিজ্ঞাপন) ------------------------------------------------
১৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা --------------------------(সকল) ইউনিয়ন ভূমি অফিস। তার ইউনিয়নাধীন সকল হাট-বাজার সমূহে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১৮. ইজারাদার --------------------------------------------------- হাট-বাজার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১৯. পোষ্ট মাস্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২০. জনাব-------------------------------------------------------------
২১. নোটিশ বোর্ড।
২২. অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।